দৈনিক ইত্তেফাক

22

তারিখ ... 26 FEB 1990
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... 2 ...



গতকাল একদল ছাত্র ভিসির গাড়ী ভাংচুর করে —ইত্তেফাক

# ভাইস চ্যান্সেলর আহত

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর আবদুল মান্নান গতকাল (রবিবার) জহুরুল হক হলে একদল ছাত্রের নিক্ষিপ্ত ইট-পাটকেলে আহত হইয়াছেন। জহুরুল হক হল ছাত্র সংসদের ভিপি শহীদুল ইসলাম চুন্নুর নিহত হওয়ার খবর পাইয়া তিনি গতকাল দুপুরে জহুরুল হক হলে পৌছা মাত্রই যুবকদল ভিসির বিরুদ্ধে শ্লোগান দিতে শুরু করে। এই সময় কয়েকজন উত্তেজিত যুবক তাহাকে প্রহার করিতে উদ্যত হইলে উপস্থিত শিক্ষক ও ছাত্রলীগ (হা-অ) নেতৃবৃন্দ তাহাদেরকে নিবৃত্ত করেন। চুন্নুর লাশ দেখিয়া ভিসি জহুরুল হক হল ত্যাগ করার সময় উত্তেজিত যুবক দল ভিসির গাড়িতে

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## ভাইস চ্যান্সেলর আহত

(১ম পৃষ্ঠার পর)

ইট-পাটকেল নিক্ষেপ করে। একটি বড় ইটের টুকরার আঘাত ভিসির ডান কাঁধে লাগিলে তিনি আহত হন। ঘটনার পর পরই ভিসিকে হাসপাতালে নেওয়া হয়। বর্তমানে তিনি নিজ বাসায় চিকিৎসাধীন রহিয়াছেন।